



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৫৭১)/২০২৩-২৪(২০২৪-২৫)/১৮০৯

তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রি.

পল্লী সঞ্চয় ব্যাংক, কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীন রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৫৭/২০২৪-২৫ এর

### কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব অনিমেষ চন্দ্র হাওলাদার (এ-৩৬৪) মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, পটুয়াখালী এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে বিভাগীয় মামলা নম্বর ৫৭/২০২৪-২৫ রুজুপূর্বক ১৪/০১/২০২৫ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৫৭১)/২০২৩-২৪(২০২৪-২৫)/১২৬৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেছেন। অতঃপর বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০১ (এক) জন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষ্ঠানিক তথ্যাদি পর্যালোচনান্তে আপনি জনাব অনিমেষ চন্দ্র হাওলাদার আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করত লঘু দণ্ড তথা “তিরস্কার” দণ্ড প্রদান করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এফক্ষে, সেহেতু আপনি জনাব অনিমেষ চন্দ্র হাওলাদার, কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২(১)(ক)(অ) প্রবিধি অনুসারে “তিরস্কার” দণ্ডের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব অনিমেষ চন্দ্র হাওলাদার (এ-৩৬৪)  
মাঠ সহকারী  
সদর শাখা, পটুয়াখালী।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৫৭১)/২০২৩-২৪(২০২৪-২৫)/১৮০৯

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ-বরিশাল, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ (অবগতি ও ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
- ০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পটুয়াখালী।
- ০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সদর শাখা, পটুয়াখালী। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব অনিমেষ চন্দ্র হাওলাদার, মাঠ সহকারী-এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি [daa.support1@pallisanchaybank.gov.bd](mailto:daa.support1@pallisanchaybank.gov.bd) ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।
- ০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি/ব্যক্তিগত নথি।

(এলিজা জামান সুপ্তি)  
সহকারী মহাব্যবস্থাপক

তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রি.

(মো: মাসুদ হাসান)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার